ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
আইন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

নম্বর-৩১.০০.০০০০.০৪২.৬৮.০১১.২০.৬৯৭

তারিখ: ১১ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২০খ্রিষ্টাব্দ

# পরিপত্র

**বিষয়: অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদান/গ্রহণ এবং দাখিলার ব্যবহার।**

দক্ষ, স্বচ্ছ, জবাবদিহি ও জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা প্রতিষ্ঠা ভূমি মন্ত্রণালয়ের ভিশন। একটি আধুনিক, প্রযুক্তিনির্ভর, দক্ষ দুর্নীতিমুক্ত, দেশপ্রেমিক গণমুখী প্রশাসনিক ব্যবস্থা গড়ে তোলা সরকারের অন্যতম নির্বাচনী অঙ্গীকার। উক্ত অঙ্গীকার বাস্তবায়ন এবং মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ এপ্রিল ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.০০১.০১৭.১৩.১৪৯ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী ভূমি মন্ত্রণালয় বিশেষভাবে ২০০৯ সন হতে ধারাবাহিকভাবে তথ্য ও প্রযুক্তিনির্ভর বহু জনমুখী উদ্ভাবনমূলক উদ্যোগ গ্রহণ এবং বাস্তবায়ন করছে। জনগণের দোরগোড়ায় ভূমিসেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে "হাতের মুঠোয় ভূমিসেবা" নামে মোবাইল এ্যাপস্ প্রস্তুত করা হয়েছে। সারাদেশে ই-নামজারি সফলভাবে বাস্তবায়িত হচ্ছে। বর্তমানে ভূমি উন্নয়ন কর ইলেক্ট্রনিক পদ্ধতিতে আদায়ের জন্য অনলাইন সিস্টেম (Online system) তৈরি করা হয়েছে।

০২। ভূমি উন্নয়ন কর আদায় সংক্রান্ত সেবাটি স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও সহজে জনগণের হাতের নাগালে পৌঁছে দেয়ার লক্ষ্যে অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য ইলেক্ট্রনিক সিস্টেম চালু করা হয়েছে। উক্ত সিস্টেমের মাধ্যমে নাগরিকগণ ঘরে বসেই মোবাইল বা অনলাইন ব্যাংকিং বা অন্য যে কোনো ইলেক্ট্রনিক পদ্ধতিতে ভূমি উন্নয়ন করের অর্থ জমা প্রদান করতে পারবেন। ফলে নাগরিককে আর ইউনিয়ন/পৌর ভূমি অফিসে গিয়ে ভূমি উন্নয়ন কর প্রদানের প্রয়োজন হবে না। ইলেক্ট্রনিক পদ্ধতিতে ভূমি উন্নয়ন কর প্রদান/পরিশোধ করলে ইলেক্ট্রনিক পদ্ধতিতেই দাখিলা পাওয়া যাবে। অনলাইনে প্রাপ্ত দাখিলা বর্তমানে প্রচলিত পদ্ধতিতে প্রাপ্ত দাখিলার মতোই গ্রহণযোগ্য এবং আইনসিদ্ধ হবে। ইলেক্ট্রনিক পদ্ধতিতে প্রাপ্ত দাখিলাতে QR-Code বা বারকোড দেয়া হবে। প্রয়োজনে উক্ত কোড স্ক্যান করে অনলাইনে প্রাপ্ত দাখিলার সঠিকতা যাচাই করা যাবে।

০৩। ইলেক্ট্রনিক পদ্ধতিতে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটয়্যার ব্যবহার করে ভূমি উন্নয়ন করের অর্থ অথবা ভূমি সংক্রান্ত বিবিধ অর্থ জমা প্রদান করা হলে উক্ত অর্থ জমা প্রদানের পর ইলেক্ট্রনিক পদ্ধতিতে প্রাপ্ত দাখিলা অথবা Duplicate Carbon Receipt (DCR) ম্যানুয়াল পদ্ধতিতে প্রদত্ত বা বিজি প্রেস হতে ছাপানো দাখিলা ও DCR- এর সমপর্যায়ের এবং আইনগতভাবে বৈধ ও সর্বক্ষেত্রে গ্রহণযোগ্য এবং ব্যবহারযোগ্য হবে।

০৪। কাজের সুবিধার্থে নাগরিক কর্তৃক অনলাইন ভূমি উন্নয়ন কর পরিশোধ পদ্ধতির ধাপসমূহ এইসঙ্গে সংযুক্ত করা হলো (LD-Tax (Steps).docx)।

০৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।

২৭/১০/২০

মোঃ মাক্ছুদুর রহমান পাটওয়ারী
সচিব

নম্বর-৩১.০০.০০০০.০৪২.৬৮.০১১.২০.৬৯৭/১(      )

তারিখ: ১১ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২০খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২ সিনিয়র সচিব/সচিব------------------------- মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৬। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৭। বিভাগীয় কমিশনার, ------------------ (সকল)।
৮। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
৯। জেলা প্রশাসক, --------------------- (সকল)।
১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। উপপরিচালক, বিজি প্রেস, ঢাকা। (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য এবং প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
১২। উপজেলা নির্বাহী অফিসার, --------------------- (সকল)।
১৩। সিস্টেম এনালিষ্ট, ভূমি মন্ত্রণালয় (পরিপত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট সকলের নিকট মেইলে প্রেরণের অনুরোধসহ)।
১৪। সহকারী কমিশনার (ভূমি), ------------------------- (সকল)।
১৫। অফিস কপি/মাষ্টার কপি।

27/10/2020

(মোঃ মাহমুদ হাসান)
যুগ্মসচিব
ফোন: +৮৮০২৯৫৪০১২৫
ই-মেইল: law1@minland.gov.bd